যুগান্তর

5 FEB 2003
১৫ ... ৫

# ছাত্রদলের পূর্ণাঙ্গ কমিটি আজ ঘোষণা হতে পারে

যুগান্তর রিপোর্ট

এক মাসেরও বেশি সময় পর আজ জাতীয়তাবাদী ছাত্রদলের পূর্ণাঙ্গ কেন্দ্রীয় কমিটি ঘোষণা করা হতে পারে। ১০১

ছাত্রদল : পৃষ্ঠা : ১৫ কলাম : ৬

## ছাত্রদল : পূর্ণাঙ্গ কমিটি

(শেষ পৃষ্ঠার পর)

সদস্যের পূর্ণাঙ্গ কমিটি গতকাল বিএনপির প্রথম যুগ্ম মহাসচিব তারেক রহমানের কাছে জমা দেয়া হয়েছে। এ কমিটি এখন বিএনপি চেয়ারপারসন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার অনুমোদনের অপেক্ষায় রয়েছে। প্রধানমন্ত্রীর অনুমোদন পেলেই আজ কমিটি ঘোষণা করা হবে। এর আগে গত ১ জানুয়ারি ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকীর রাতে ৫ সদস্যের কেন্দ্রীয় কমিটি ঘোষণা করা হয়। নবগঠিত কমিটির সভাপতি সাহাবুদ্দীন লাল্টু ও সাধারণ সম্পাদক আজিজুল বারী হেলাল ইতিমধ্যে পূর্ণাঙ্গ কেন্দ্রীয় কমিটির একাধিক খসড়া তৈরি করেন। বিএনপি চেয়ারপারসনের কার্যালয় হাওয়া ভবনে দফায় দফায় যাচাই-বাছাই শেষে পূর্ণাঙ্গ কমিটি চূড়ান্ত করা হয়। পূর্ণাঙ্গ কমিটি কত সদস্যের হবে তা নিয়ে নানা যুক্তি-তর্কের পর 'না বড়, না ছোট' হিসেবে ১০১ সদস্যের কমিটি গঠন করা হয়েছে বলে জানা গেছে। কমিটি গঠনের এ প্রক্রিয়ায় ঘোষিত আংশিক কমিটির অপর তিন নেতা সিনিয়র সহ-সভাপতি, যুগ্ম সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক মতামত দেয়ারও কোন সুযোগ পাননি। কমিটিতে এ প্রথমবারের মতো ঢাকার বাইরের নেতাদের বিপুলসংখ্যায় অন্তর্ভুক্ত করা হয়েছে। ১০১ জনের মধ্যে অন্তত ৪০ জন রাখা হয়েছে বিভিন্ন জেলা, মহানগরী ও বিশ্ববিদ্যালয় থেকে। বিভাগীয় সহ-সভাপতি ও সহ-সাংগঠনিক সম্পাদকের ১২টি পদ ছাড়াও ঢাকার বাইরের নেতাদের সম্পাদক, সহ-সম্পাদক এবং বেশিরভাগকে সদস্য করা হয়েছে। যদিও ছাত্রদলের গঠনতন্ত্র অনুযায়ী এক ব্যক্তিকে একাধিক পদ দেয়া যাবে না, তবু বেশ কয়েকজনকেই জেলা, মহানগরী ও বিশ্ববিদ্যালয়ের সভাপতি-সাধারণ সম্পাদক পদে থাকা সত্ত্বেও কেন্দ্রীয় কমিটিতে পদ দেয়া হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বাকি ৫০ জনের মতো কেন্দ্রীয় কমিটিতে রাখা হয়েছে। তাদের বেশিরভাগ সহ-সভাপতি, যুগ্ম সম্পাদক, সহ-সাধারণ সম্পাদক, সম্পাদক, সহ-সম্পাদক ও অল্প কয়েকজন সদস্য হয়েছেন। ছাত্রীদের মাত্র তিনজনকে কমিটিতে রাখা হয়েছে। কেন্দ্রীয় পর্যায়ের অপেক্ষাকৃত সিনিয়রদের নতুন কমিটি থেকে বাদ দেয়া হয়েছে। ব্যবসায়ী, ঠিকাদার হিসেবে বেশি পরিচিতদের কমিটি থেকে বাদ দেয়া হলেও 'বিবাহিত ও ছাত্রত্ব নেই' এমন অনেকেই নতুন কমিটিতে স্থান পেয়েছেন বলে জানা গেছে। কেন্দ্রীয় কমিটি ঘোষণার পর পর্যায়ক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পূর্ণাঙ্গ কমিটি ও হলগুলোর কমিটি ঘোষণা করা হবে। কেন্দ্রীয় কমিটিতে স্থান না পাওয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের নেতাকর্মীদের বিশ্ববিদ্যালয় ও হল কমিটিতে সুযোগ করে দেয়া হবে। তবে সেক্ষেত্রে সংশ্লিষ্টদের অবশ্যই ছাত্র থাকতে হবে বলে নির্দেশ দেয়া হয়েছে।